

# স্বপ্নের মধুচন্দ্রিমা

## যুথিকা বড়ুয়া

আমি দেখেছি তোমায় কাল রাতে মধুর স্বপনে  
ছিলে থমকে দাঁড়িয়ে অভিসারে, চেয়ে উদাস মনে,  
ভাবছো কাছে আসবে কি, ভালো আমায় বাসবে কি,  
চেয়েছিলে যারে একান্তে নিঃভূতে আপনার করে, মনে প্রাণে!  
কি যেন বললে চোখের ইশারায়, বোঝাতে চাইলে অতি সহসায়  
তবুও পারো নি তুমি তা বোঝাতে আমায়;  
হঠাৎ এলো বরষণ, ভিজে তন মন দু'জনার সারাঙ্কণ  
ওঠে মেতে গহীন আবেগে, সোহাগে, অনুরাগে দু'টি সবুজ সরল মন!  
খোঁপায় আমার বকুলমালা, বেঁধে নেভাও প্রেমের জ্বালা  
উফঃ, আমি মরি শুধু লাজে, চক্ষু বুজে শিহরণে, অনুক্ষণে!  
আবেশে মনপাখী মোর ওঠে দোলে, লেগে রং আঁখীর কোলে  
ক্ষণে ক্ষণে তোমার মধুর পরশে আমি সব যাই ভুলে ।  
এলো খুশীর নদী বয়ে, হৃদয় মোর ওঠে গেয়ে,  
আজিকের এ মধুর রজনী পোহাক শুধু তোমায় চেয়ে;  
হঠাৎ ঘুম ভেঙ্গে জেগে দেখি আমি, নেই পাশে আমার কোথাও তুমি!  
হায়, করলে আমায় পাগল ক্ষণিক দরশণে ।  
আমি দেখেছি তোমায় কাল রাতে গভীর স্বপনে ।

যুথিকা বড়ুয়া : কানাডার টরন্ট প্রবাসী লেখিকা ও সঙ্গীত শিল্পী ।

[jbarua1126@gmail.com](mailto:jbarua1126@gmail.com)